

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
করিমগঞ্জ, কিশোরগঞ্জ।
খাদ্যবান্ধব ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

এতদ্বারা করিমগঞ্জ উপজেলার গুজাদিয়া ইউনিয়নের প্রতিষ্ঠিত খাদ্য ব্যবসায়ীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খাদ্যবান্ধব কার্যক্রমের আওতায় খাদ্যশস্য বিতরণের জন্য **ইচ্ছাগঞ্জ বাজারে** ০১(এক) জন খাদ্যবান্ধব ডিলার নিয়োগ করা হবে। এ লক্ষ্যে উক্ত ইউনিয়নের আগ্রহী খাদ্য ব্যবসায়ীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে। আগামী ১৫/০২/২০২১খ্রিঃ তারিখ বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর অফিসে নিম্নবর্ণিত শর্তাবলী স্বাপেক্ষে উপজেলা নির্বাহী অফিসার করিমগঞ্জ, কিশোরগঞ্জ বরাবর আবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

ডিলারের যোগ্যতা/ শর্তাবলীঃ

- ০১। আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হতে হবে এবং কমপক্ষে ১৮(আঠার) বছর বয়স হতে হবে(জন্ম নিবন্ধন সনদ দিতে হবে)।
- ০২। আবেদনকারীকে ইউনিয়ন পরিষদের হাল সনের ট্রেড লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি দিতে হবে।
- ০৩। আবেদনকারীকে ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রসিদ ছবি সংযুক্ত করতে হবে।
- ০৪। শান্তিপ্রাপ্ত, কালো তালিকাভুক্ত, বাতিলকৃত বা সাময়িকভাবে বরখাস্ত ব্যক্তি, জনপ্রতিনিধি ও সরকারি কর্মকর্তা/কর্মচারী ডিলার হিসাবে অযোগ্য বিবেচিত হবে।
- ০৫। আবেদনকারীকে ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট দিতে হবে এবং মালামালের হিসাব সংরক্ষণে সক্ষম হতে হবে।
- ০৬। আবেদনকারীকে জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি এবং নাগরিকত্ব সনদপত্র দিতে হবে।
- ০৭। আবেদনকারীর **ইচ্ছাগঞ্জ বাজারে** দোকান থাকতে হবে এবং দোকানে একসঙ্গে কমপক্ষে ১৫(পনের) মেণ্টন ধারণ ক্ষমতার মেঝে পাকা দোকান ঘর থাকতে হবে এবং দোকানের দলিল/ভাড়ার চুক্তিনামার সত্যায়িত ফটোকপি দিতে হবে।
- ০৮। নিয়োগের জন্য মনোনিত ডিলারকে ৩০০/- (তিনশত) টাকার নন- জুডিশিয়াল স্ট্যাম্পের মাধ্যমে অঙ্গীকারনামা দিতে হবে এবং জামানত হিসাবে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বরাবরে ২০,০০০/- (বিশ হাজার) টাকার ফেরৎযোগ্য পে-অর্ডার আকারে জমা দিতে হবে।
- ০৯। নিয়োগকৃত ডিলারকে অবশ্যই খাদ্য বিভাগের লাইসেন্স নিতে হবে।
- ১০। একই ব্যক্তি খাদ্য বিভাগের একাধিক ক্ষেত্রে ডিলার হতে পারবে না।

(মোহাম্মদ খলিলুর রহমান)

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক

ও সদস্যসচিব

উপজেলা খাদ্যবান্ধব কমিটি

করিমগঞ্জ, কিশোরগঞ্জ।

তারিখঃ ২৭/০১/২০২১ খ্রিঃ।

স্মারক নং- ১৩.০২.৪৮৪২.০০৪.৫৭.০০১.২০.

অনুলিপিঃ-সদয় অবগতি/ অবগতি ও বহুল প্রচারের লক্ষ্যে প্রেরণ করা হলো।

- ১। মাননীয় সংসদ সদস্য, কিশোরগঞ্জ-৩, (করিমগঞ্জ, তাড়াইল)।
- ২। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
- ৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক, কিশোরগঞ্জ।
- ৪। উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, করিমগঞ্জ, কিশোরগঞ্জ।
- ৫। উপজেলা নির্বাহী কর্মকর্তা ও সভাপতি, উপজেলা খাদ্যবান্ধব কমিটি, করিমগঞ্জ, কিশোরগঞ্জ।
- ৬। ভাইস চেয়ারম্যানগণ(পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, করিমগঞ্জ, কিশোরগঞ্জ।
- ৭। উপজেলাকর্মকর্তা ও সদস্য, উপজেলা খাদ্যবান্ধব কমিটি, করিমগঞ্জ, কিশোরগঞ্জ।
- ৮। জনাব মোঃ দেলোয়ার হোসেন দুলাল, সদস্য, উপজেলা খাদ্যবান্ধব কমিটি, করিমগঞ্জ, কিশোরগঞ্জ।
- ৯। চেয়ারম্যান ও সভাপতি, গুজাদিয়া ইউনিয়ন পরিষদ, ইউনিয়ন খাদ্যবান্ধব কমিটি, করিমগঞ্জ, কিশোরগঞ্জ।
- ১০। অফিস কপি।

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক

ও সদস্যসচিব

উপজেলা খাদ্যবান্ধব কমিটি

করিমগঞ্জ, কিশোরগঞ্জ।